



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.৩১.২৯৯.১৬-২২২

তারিখঃ ১৭/০৭/১৪২৭ বঙ্গাব্দ
০২/১১/২০২০ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ ফয়জুর রহমান, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ কে অস্থিতিশীল করার উদ্দেশ্যে উক্ত কার্যালয়ে কর্মকালীন শ্রম পরিদর্শক (সাধারণ), জনাব নেছার উদ্দিন আহম্মেদ, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব মোঃ মেহেদী হাসান এবং শ্রম পরিদর্শক (সাধারণ), জনাব মোঃ খালিদ হাসান-কে বিভিন্ন সময়ে প্ররোচিত/প্রভাবিত করার অভিযোগে তাঁর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ এনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী মামলা নং- ০১/২০২০ রুজু করা হয়।

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগ তদন্তের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) ডাঃ নাজমুন নাহার (বর্তমানে উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় কর্মরত) কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং ০৬-০৮-২০২০ খ্রিঃ তারিখে তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নি মর্মে উল্লেখ করা হয়েছে।

সেহেতু, জনাব মোঃ ফয়জুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ) উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল), বিধিমালা, ২০১৮ এর বিধি-২ (খ) এ বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।



শিবনাথ রায়

(অতিরিক্ত সচিব)

মহাপরিদর্শক

ফোন (অফিস)- ০২-৮৩৯১৩৪৮


ফ্যাক্স-০২-৮৩৯১৪২৫

ই-মেইল-ig@dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.৩১.২৯৯.১৬-২৩/ ১(৭)

বিতরণঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৪। জনাব সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারী মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল। (দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)। (ডোসিয়ারে সংক্ষণের জন্য)
- ৬। জনাব মোহাম্মদ ফয়জুর রহমান, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৭। ব্যক্তিগত নথি



শিবনাথ রায়
অতিরিক্ত সচিব
মহাপরিদর্শক

ফোন (অফিস)- ০২-৮৩৯১৩৪৮

ফ্যাক্স-০২-৮৩৯১৪২৫

ই-মেইল-ig@dife.gov.bd